

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৮৮৫

আগরতলা, ২৩ নভেম্বর, ২০২২

ত্রিপুরা বিধানসভা নির্বাচন : ভারতের নির্বাচন কমিশনের প্রতিনিধি দলের রাজ্য সফর

ত্রিপুরায় ২০২৩ সালে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে ভারতের নির্বাচন কমিশনের এক বরিষ্ঠ আধিকারিক দল গত ২২ নভেম্বর এবং আজ রাজ্য সফর করেন। প্রতিনিধি দলে ছিলেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার আইএএস ধর্মেন্দু শর্মা, অধিকর্তা (আইটি) অশোক কুমার, অধিকর্তা (ব্যয়) যশবেন্দ্র সিং, সচিব (পরিকল্পনা) সঞ্জীব কুমার প্রসাদ, সচিব (এনইএস) সন্তোষ কুমার দুবে এবং বিজয় গুপ্তা, সেকশন অফিসার (এনইএস)।

রাজ্য নির্বাচন দপ্তর থেকে আজ এক প্রেস রিলিজে জানানো হয়েছে, ভারতের নির্বাচন কমিশনের পাঠানো এই প্রতিনিধি দলটি গতকাল ত্রিপুরার মুখ্য নির্বাচন আধিকারিক কিরণ গিত্যে, আট জেলার জেলা নির্বাচন আধিকারিক এবং আট জেলার পুলিশ সুপারদের নিয়ে নির্বাচনী প্রস্তুতি বিষয়ে এক পর্যালোচনা সভায় মিলিত হন। সভায় ভোটার তালিকা, বিশেষ সংক্ষিপ্ত সংশোধনী, ইভিএম/ভিভিপ্যাট, ভোটদান কেন্দ্র, ভোটদান কেন্দ্র ন্যূনতম সুযোগ সুবিধা, ভোটকর্মীর ব্যবস্থা করা, যাতায়াত ব্যবস্থা, আইন শৃঙ্খলা, নিরাপত্তা, এমভিইইপি, অভিযোগের ব্যবস্থাপনা, প্রশিক্ষণ প্রভৃতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং প্রতিটি জেলার পরিস্থিতি সম্পর্কে অবগত হন। বিধানসভা নির্বাচনের প্রস্তুতি আরও উন্নত করতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল ডিএম এবং এসপিদের নির্দেশ দেন।

সন্ধ্যায় প্রতিনিধি দলটি সন্দেহজনক ব্যয়, পন্য পরিবহণ ও পারিশ্রমিক প্রদানের বিষয়ে নজরদারি আরও বাড়াতে আয়কর, আবগারি, বিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, রাজস্ব দপ্তর (কাস্টমস ডিভিশন) বিএসএফ, সিআরপিএফ, আসাম রাইফেলস, নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো, সিএএসও/সিআইএসএফ, রেলওয়ে প্রোটেকশন ফোর্স, ডাক বিভাগ, সেন্ট্রাল জিএসটি, স্টেট জিএসটি, এমএলবিসি, এয়ারপোর্ট অথরিটি, এনফোর্সমেন্ট ডাইরেক্টরেটের সঙ্গে বৈঠক করেন।

আজ এই প্রতিনিধি দলটি বিধানসভা নির্বাচনের প্রস্তুতি বিষয়ে রাজ্য সরকারের রাজস্ব, আরক্ষা, শিক্ষা, বিদ্যুৎ, পিডব্লিও/ডিডব্লিও এস, সমাজকল্যাণ, নগরোন্নয়ন, স্বাস্থ্য, পরিবহণ, গ্রামোন্নয়ন প্রভৃতি দপ্তরের নেওয়া পদক্ষেপের বিষয় নিয়ে পর্যালোচনা করেন। রাজ্যের মুখ্যসচিব এবং পুলিশ মহানির্দেশকের উপস্থিতিতে এই বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়।

\*\*\*\*\*